



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

কুমিল্লা জেলা ছাত্রকল্যাণ সংসদ এর উদ্যোগে নবীনবরণ অনুষ্ঠিত



‘এসো সবাই দলে দলে, চলো ভাসি গোমতীর জলে’ স্লোগানকে সামনে রেখে ‘কুমিল্লা জেলা ছাত্রকল্যাণ সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়’ এর উদ্যোগে নবীনবরণ, মেধা বৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১৮ ৫ এপ্রিল-২০১৮, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামীলীগ এর সভাপতি মন্ডলীর সদস্য এ্যাডভোকেট আবদুল মতিন খসরু এম.পি.। কুমিল্লা জেলা ছাত্রকল্যাণ সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর সভাপতি আলী হাছান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, চ্যানেল ২৪ এর সি ইউ এবং দৈনিক বাংলাদেশ প্রতিদিনের সম্পাদক নঈম নিজাম, ছাত্রলীগের সাবেক নেতৃত্ববৃন্দ, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



সভাপতি মোঃ তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শেখ মোঃ জয়নুল আবেদিন রাসেল এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী (চ:দা)।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কুমিল্লা জেলা ছাত্রকল্যাণ সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর সাধারণ সম্পাদক শাকিল আহমেদ ইসরাফিল। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও ছাত্র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।